গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর : ৩৮.০০.০০০০.০০৬.২০.১৪১.১৮-২২৫

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ / ১৫ অক্টোবর ২০২০

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC)-এর সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৩/১০/২০২০ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভাপতি | : | মোঃ আকরাম-আল-হোসেন, সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |

উপস্থিতি : পরিশিষ্ট-১ দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বা:ওঅ:) ২০২০-২০২১ অর্থবছরের ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) পর্যন্ত বাজেট বরাদ্দ, ব্যয়, রাজস্ব প্রাপ্তি এবং প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২.০ বাজেট বাস্তবায়ন অগ্রগতি:

২.১ যুগ্মসচিব (বা:ওঅ:) সভাকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে পরিচালন খাতে ১৫৫৩৫,৯৪,৯২,০০০/- (পনের হাজার পাঁচশত পঁয়ত্রিশ কোটি চুরানব্বই লক্ষ বিরানব্বই হাজার) টাকা এবং উন্নয়ন খাতে ৯৪০৩,৫৫ লক্ষ (নয় হাজার চারশত তিন কোটি পঞ্চান্ন লক্ষ) টাকাসহ মোট বরাদ্দ ২৪৯৩৯,৪৯,৯২,০০০/- (চব্বিশ হাজার নয়শত উনচল্লিশ কোটি উনপঞ্চাশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা। প্রথম প্রান্তিকে পরিচালন খাতে বরাদ্দ ৪০৩৯.০৩ লক্ষ (চার হাজার উনচল্লিশ কোটি তিন লক্ষ) টাকা। প্রকৃত ব্যয় হয়েছে ৪৬৪১.০২ লক্ষ (চার হাজার ছয়শত একচল্লিশ কোটি দুই লক্ষ) টাকা (৩০%)। এছাড়া উন্নয়ন খাতে প্রথম প্রান্তিকে বরাদ্দ ছিল ২০৯৭০৫.৯২ লক্ষ (দুই লক্ষ নয় হাজার সাতশত পাঁচ কোটি বিরানব্বই লক্ষ) টাকা (১৬%)।

২.২ সভাপতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দুটি খাতে (জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ) লক্ষ্যমাত্রা বা বরাদ্দের চেয়ে প্রায় ৬.২৫ (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকা অতিরিক্ত ব্যয়ের ব্যাখ্যা দিতে বলেন। এ প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (অর্থ) জানান যে, জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহের শিক্ষকদের জুন মাসের বেতন জুলাই মাসে পরিশোধ করায় ১কোটি টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে। এছাড়া স্কুল জাতীয়করণ করায় বিদ্যালয়ের বকেয়া এবং শিক্ষকদের জুন মাসের বেতন জুলাই মাসে পরিশোধ করতে ৫.২৫ (পাঁচ কোটি পঁচিশ লক্ষ) টাকা লক্ষ্যমাত্রা থেকে বেশী ব্যয় হয়েছে।

২.৩ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর (জুলাই-সেপ্টেম্বর) বরাদ্দ বা লক্ষ্যমাত্রা ২৭% হলেও ১ম কোয়ার্টারে ব্যয় হয়েছে ১৭.৫২% যা আশানুরূপ নয়।

২.৪ পিইডিপি-৪ এর আওতাভূক্ত প্রকিউরমেন্ট প্ল্যান অনুযায়ী এখনই সকল কার্যক্রম শেষ করে রাখতে হবে। বিশেষ করে কম্পিউটার এবং স্কুটির ক্রয় কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২০ এর মধ্যে শেষ করতে হবে। এ প্রেক্ষিতে পরিচালক (অর্থ) ডিপিই জানান যে, স্কুটির জন্য টেন্ডার আহবান করা হয়েছে। ৪টি টেন্ডার দাখিল হয়েছে। টেন্ডার সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

২.৫ এছাড়া এ মন্ত্রণালয়ের সব প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় সময়মত বাস্তবায়ন যাতে হয় সেদিকে বিশেষ নজর রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**৩.০ রাজস্ব প্রাপ্তির আলোচনাঃ**

৩.১ পিটিআই এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশী অর্জিত হওয়ার কারণ জানতে চাইলে ডিপিই এর প্রতিনিধি তেমন কোন ব্যাখ্যা প্রদান করতে পারেননি। বাকি সব প্রতিষ্ঠানের রাজস্ব প্রাপ্তির হার সন্তোষজনক বলে যুগ্মসচিব (বা:ওঅ:) সভাকে অবহিত করেন।

**৪.০ রাজস্ব প্রাপ্তির অগ্রগতিঃ**

চলতি ২০২০-২১ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন ৫টি দপ্তর/সংস্থার রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ৫৮.৬৩ (আটান্ন কোটি তেষট্টি লক্ষ) টাকা। প্রকৃত আদায় হয়েছে ৩১.৪৩ কোটি (একত্রিশ কোটি তেতাল্লিশ লক্ষ) টাকা।

**৫.০ সিদ্ধান্তসমূহঃ**

(ক) চলতি ২০২০-২১ অর্থবছরে উন্নয়ন বাজেটের উল্লেখযোগ্য বাস্তবায়ন অগ্রগতি অর্জনে পরিকল্পনা শাখা কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

(খ) সরকারের রাজস্ব আহরণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা নিয়মিত রাজস্ব আদায়ে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করবে।

(গ) চলতি অর্থবছরের পিইডিপি-৪ এর আওতাভুক্ত প্রকিউরমেন্ট প্ল্যান অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে টেন্ডারের কার্যক্রমসমূহ গ্রহণের নির্দেশনা দেন।

৬.০ সভায় সামগ্রিক আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে সভাপতি সরকারের সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

৭.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
১৪/১০/২০২০
(মোঃ আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি।

স্মারক নম্বর : ৩৮.০০.০০০০.০০৬.২০.১৪১.১৮-২২৫ তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ / ১৫ অক্টোবর ২০২০

কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট-১), ঢাকা।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন (দৃঃ আঃ উপ-প্রধান, শিক্ষা উইং), ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৯. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (IMED), শেরে বাংলা নগর, ঢাকা।
১১. মহাপরিচালক, বাধ্যতামলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৩. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১৪. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১৫. যুগ্মসচিব (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. যুগ্মসচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. সিনিয়র সহকারী সচিব (পরি-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. অফিস কপি।

১৫.১০.২০২০

ছামছুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৫৬৩৩